

## 🗏 আল-আ'রাফ | Al-A'raf | ٱلْأَعْرَاف

আয়াতঃ ৭:৬০

💵 আরবি মূল আয়াত:

## قَالَ المَلَا مِن قَومِهِ إِنَّا لَنَرٰ لِكَ فِي ضَلَلٍ مُّبِينٍ ﴿ ٤﴾

## 🗚 অনুবাদসমূহ:

তার কওম থেকে নেতৃবর্গ বলল, 'নিশ্চয় আমরা তোমাকে স্পষ্ট ভ্রান্তিতে দেখতে পাচ্ছি'। — আল-বায়ান তার সম্প্রদায়ের প্রধানগণ বলেছিল, 'আমরা নিশ্চিতভাবে তোমাকে প্রকাশ্য গোমরাহীতে নিমজ্জিত দেখছি।' — তাইসিরুল

তার সম্প্রদায়ের প্রধান ও নেতারা বললঃ আমরা তোমাকে স্পষ্ট বিদ্রান্তির মধ্যে দেখছি। — মুজিবুর রহমান
Said the eminent among his people, "Indeed, we see you in clear error." —
Sahih International

৬০. তার সম্প্রদায়ের প্রধানরা বলেছিল, আমরা তো তোমাকে স্পষ্ট ভ্রষ্টতার মধ্যে নিপতিত দেখছি।

তাফসীরে জাকারিয়া

## (৬০) তার সম্প্রদায়ের প্রধানগণ বলেছিল, 'আমরা তো তোমাকে স্পষ্ট বিভ্রান্তির মধ্যে দেখছি।' [1]

[1] শিরক মানুষের বিবেক-বুদ্ধিকে এমনভাবে নষ্ট করে দেয় যে, মানুষ হিদায়াতকে ভ্রষ্টতা এবং ভ্রষ্টতাকে হিদায়াত মনে করে। নৃহ (আঃ)-এর জাতির অন্তরের অবস্থাও এই হয়েছিল। তিনি তাদেরকে আল্লাহর যে তাওহীদের দাওয়াত দিচ্ছিলেন, সেটাকে -নাউযু বিল্লাহ -- তারা ভ্রষ্টতা মনে করল। কবি বলেছেন, 'যা ভালো ছিল না, তা ধীরে ধীরে ভালো হয়ে গেল। এইভাবেই জাতির বিবেক দাসত্বে পরিণত হয়।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=1014

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন